123

দৈনিক ইত্তেফাক

তারিখ 29 MAR 1998
পৃষ্ঠা ১৮ কলাম ৫

## বরিশাল পলিটেকনিক শিক্ষকদের কর্মবিরতি

বরিশাল অফিস ॥ বরিশাল পলিটেকনিক ইনষ্টিটিউটের শিক্ষকগণ আজ (রবিবার) হইতে পরীক্ষা কার্যক্রমে অংশগ্রহণ হইতে বিরত থাকার ও একাডেমিক কার্যক্রম বন্ধ রাখার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন। গতকাল (শনিবার) ইনষ্টিটিউটের শিক্ষক সমিতির সভাপতি খান আবদুল মান্নানের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় কলেজে সন্ত্রাসী কার্যকলাপ বন্ধ ও সন্ত্রাসীদের বিরুদ্ধে প্রশাসনিক ও একাডেমিক ব্যবস্থা গ্রহণের দাবী জানান হয়। এই দাবী পূরণ না হইলে শিক্ষকদের আন্দোলন অব্যাহত থাকিবে। উল্লেখ্য, ইনষ্টিটিউটে বর্তমানে পরীক্ষা চলিতেছে। শিক্ষক সমিতির সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয় যে, মোনায়েম ও পুলক নামে ২ জন সন্ত্রাসী গতকাল পরীক্ষা চলাচালে হলে প্রবেশ করিয়া পরীক্ষা গ্রহণ ব্যাহত করে এবং শিক্ষকদের গালিগালাজ করে।